সংবাদ

তারিখ: 04 DEC 2016
পৃষ্ঠা ... কলাম ...

# চরম পরিবহন সংকটে বেরোবির শিক্ষার্থীরা

জেলা বার্তা পরিবেশক রংপুর

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও কর্মচারীদের পরিবহনের জন্য কেনা দুটি বাস দীর্ঘ ৫ মাস ধরে উপাচার্যের বাসভবনের ভেতরে ফেলে রেখেছে কর্তৃপক্ষ। কবে নাগাদ এবাস দুটো উদ্বোধন করে চালু করা হবে তা কোন কর্মকর্তাই বলতে পারছেননা। অন্যদিকে প্রয়োজনীয় বাসের অভাবে শিক্ষার্থী ও কর্মচারীদের চরম দুর্ভোগের শিকার হতে হচ্ছে।

## নতুন কেনা দুটি বাস ৫ মাস ধরে নষ্ট হচ্ছে ভিসির বাসভবনে

বিশ্ববিদ্যালয় প্রশাসনিক বিভাগ সূত্রে জানা গেছে, রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের জন্য মোট ৪টি বাস রয়েছে। এর মধ্যে ১টি ভাড়া করা বাকি ৩টি বিশ্ববিদ্যালয়ের নিজস্ববাস। অন্যদিকে কর্মকর্তা এবং শিক্ষকদের পরিবহনের জন্য ১টি করে দুটো বাস রয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রায় ৯ হাজার শিক্ষার্থীর যাতায়াতের জন্য মাত্র ৪টি বাস থাকায় চরম দুর্ভোগের শিকার হতে হয় তাদের। প্রতিদিনই বাদুর ঝোলা হয়ে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে যাতায়াত করতে হয়। একই ভাবে ৬ কর্মকর্তা-কর্মচারীর জন্য মাত্র ১টি বাস থাকায় তাদেরও দুর্ভোগের অন্ত নেই। এমনি অবস্থায় পরিবহন সমস্যার সমাধানের জন্য শিক্ষার্থীরা অনেকবার সভা সমাবেশ মানব বন্ধন করেছে। শেষ পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুটি বাস কেনার সিদ্ধান্ত নেয়। তারই আলোকে দুটি বাস ক্রয় করে প্রায় ৫ মাস আগে ক্রয় করা বাস দুটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিয়ে আসার পর তা চালু না করে বাস দুটি ক্যাম্পাসের অভ্যান্তরে অবস্থিত উপাচার্য অধ্যাপক ড, নুর উন নবীর বাস ভবনে নিয়ে গিয়ে সেখানে রেখে দেয়া হয়। উপাচার্য আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করার পর বাস দুটি চলাচল করবে বলে ঘোষণা দেয়া হলেও বিগত ৫ মাসেও উদ্বোধন করার কোন পদক্ষেপ নেয়া হচ্ছেনা। বরং উপাচার্যের বাস ভবনে ভেতরে অযত্নে-অবহেলায় পড়ে থাকার কারণে সদ্য কেনা বাস দুটির বিভিন্ন যন্ত্রাংশ মরিচা পড়ে নষ্ট হবার উপক্রম হয়েছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুল শাখার কয়েকজন কর্মচারী জানান উপাচার্য কেন বাসগুলো ব্যবহার করতে না দিয়ে তার বাসভবনে আটকে রেখেছেন তার সঠিক জবাব উনি দিতে পারবেন। তবে এভাবে বাসগুলো ফেলে রাখার কোন মানেই হয় না।

অন্যদিকে দীর্ঘদিন বাস কিনে ফেলে রাখার ঘটনায় সামাজিক যোগাযোগের মাধ্যম ফেস বুকে শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের স্টাটাস দিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। বিষয়টি নিয়ে শিক্ষার্থীরা অচিরেই আন্দোলনে যাবেন বলে জানিয়েছেন বেশ কয়েকজন শিক্ষার্থী। এদিকে নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন কর্মকর্তা জানান বাস কেনার ব্যাপারে অনেক অনিয়ম এবং দুর্নীতির অভিযোগ উঠেছে। দরপত্র আহ্বান করা থেকে শুরু করে সর্ব নিম্ন দরপত্র দাতা কে হয়েছে তা নিয়ে কোন সচ্ছতা ছিল না বলেও অভিযোগ উঠেছে। এ ব্যাপারে বাস কেনার সাথে সংপৃক্ত একজন কর্মকর্তা জানান তাদের শুধু কাগজে স্বাক্ষর নেয়া হয়েছে কিভাবে বাস কেনা হয়েছে সে সম্পর্কে তারা কিছুই জানে না বলে জানান তিনি।

এ ব্যাপারে পরিবহন পুলের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা আলী হাসানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান কেন বাস দুটো চালু করা হচ্ছেনা সে ব্যাপারে তিনি কিছুই বলতে পারবেন না। এ ব্যাপারে উপাচার্য সব জানেন বলে জানান তিনি। সার্বিক বিষয়ে উপাচার্যের সঙ্গে বেশ কয়েকবার যোগাযোগ করা হলেও তাকে পাওয়া যায়নি।




বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসার সামনে শিক্ষার্থীদের জন্য কেনা বাস -সংবাদ